R. N. No. 2532/57 Phone No. RGG-112 Regd. No.– WB/MSD—4

সুখ ★ স্বাচ্ছন্দ্য ★ নিরাপত্তা
ত্রয়ীর সম্মেলন
নিবেদিতা লজ
॥ স্থান ॥
দরবেশপাড়া, রঘুনাথগঞ্জ
আধুনিক সর্বপ্রকার স্বাচ্ছন্দ্যে পরিপূর্ণ এই লজে নিরাপদে, স্বল্প ব্যয়ে থাকার সুযোগ নিন।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।
দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন
রঘুনাথগঞ্জ ★ ফোন নং-১১২

৮০শ বর্ষ
২৭শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৫ই অগ্রহায়ণ বুধবার, ১৪০০ সাল
১লা ডিসেম্বর, ১৯৯৩ সাল।
নগদ মূল্য ঃ ৫০ পয়সা
বার্ষিক ২৫ টাকা

## প্রশাসন বা পুলিশের মানবিকতা সেদিন জাগেনি নিখোঁজ বেনুর মার কান্না আজও বাতাসে ভাসছে

বিশেষ প্রতিবেদক ঃ গত ২১ নভেম্বর রঘুনাথগঞ্জ থানার প্রাক্তন সেকেন্ড অফিসার ও ইসলামপুর থানার বর্তমান ওসি দয়াল মুখার্জী তাঁর ছেলে নিখোঁজ ঘটনার পরি-প্রেক্ষিতে জঙ্গিপুর স্কুলের শিক্ষক কমল মাষ্টারের পরিবারের উপর যে পুলিশী তাণ্ডব চালিয়ে গেলেন তাকে সুসভ্য বিংশ শতাব্দীতে অসভ্য বর্বরোচিত বললেও কম বলা হয়। জঙ্গিপুরের মানুষ সেদিন বিক্ষোভে ফেটে পড়ায় শেষ পর্যন্ত প্রশাসন অহেতুক ধৃত ব্যক্তিদের বাধ্য হয়ে ইসলামপুর থানা থেকে নিয়ে এসে নিঃশর্ত মুক্তি দেন। কিন্তু দয়াল মুখার্জীর অমানবিক ও বর্বরোচিত আচরণের জন্য শাস্তি বা বিচারের দাবী নস্যাৎ করে দিয়ে কর্তৃপক্ষ মন্তব্য করেন একমাত্র পুত্রের নিখোঁজ ঘটনার প্রেক্ষিতে মানবিকতার খাতিরে এই মুহূর্তে দয়াল মুখার্জীর উপর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া তাঁরা উচিৎ মনে করেন না। তাঁদের এই মানবিকতার প্রশ্ন গ্রহণযোগ্য হলেও, একটি কথা স্বভাবতই জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জবাসীর মনে হয়েছে—বেশ কয়েক বছর আগে ঐভাবেই তৎকালীন অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার তারাপদ চ্যাটার্জীর তরুণ পুত্র 'বিদ্রোহী কণ্ঠ' পত্রিকার সম্পাদক বেনু চ্যাটার্জী নিখোঁজ হলে, তাঁর মা রঘুনাথগঞ্জ থানা ও প্রশাসনের দ্বারে দ্বারে বুক ফাটা কান্নায় ভেঙ্গে পড়ে যখন ছেলের অন্তর্ধান রহস্য উদ্ঘাটনের আবেদন জানান, সেদিন এই দয়াল মুখার্জীই রঘুনাথগঞ্জ থানার একজন দায়িত্বশীল অফিসার হিসাবে কিছুই করেননি। বেনু চ্যাটার্জীকে আর পাওয়া যায়নি। প্রশাসন সেদিন ছিলেন নির্বিকার। একটি তরুণ চিরদিনের মত হারিয়ে গেল। তার নিখোঁজ রহস্য আজও রহস্যাবৃত। ঠিক মত তদন্ত হলে একজন অবসরপ্রাপ্ত পুলিশ অফিসারের সন্তান নিখোঁজ রহস্য নিশ্চয় উদ্ঘাটিত হত। সেদিন কিন্তু পুলিশ প্রশাসন বা দয়াল মুখার্জীর মনে মানবতার কোন প্রশ্ন জাগেনি। আরও উল্লেখ্য এই দয়াল মুখার্জীর আমলেই সমশেরগঞ্জ থানার ধুলিয়ানে এক পত্রিকা সম্পাদক [ শেষ পৃষ্ঠায়

## সাগরদীঘি গ্রাম পঞ্চায়েতে সি পি এম সংখ্যালঘু

সাগরদীঘি ঃ গত ৫ নভেম্বর স্থানীয় গ্রাম পঞ্চায়েত সি পি এম সদস্য শিবু মণ্ডল দলত্যাগ করে কংগ্রেসে যোগ দেন। সম্প্রতি আরও দু'জন সি পি এম সদস্য আব্দুল ওদুদ ও গণপতি মণ্ডল লিখিতভাবে সি পি এমের জনবিরোধী কাজের প্রতিবাদে দল ছেড়ে কংগ্রেসে যোগ দেওয়ায়, এখন সি পি এম পরিচালিত এই পঞ্চায়েতে সি পি এম সংখ্যালঘু হয়ে গেল বলে সি পি এমের বেশ কিছু সদস্য মন্তব্য করেন।

## পুলিশী তাণ্ডবের প্রতিবাদে বিক্ষোভ মিছিল

জঙ্গিপুর ঃ গত ২৭ নভেম্বর নিখিলবঙ্গ শিক্ষক সমিতি জঙ্গিপুর শাখার এক বিক্ষোভ মিছিল জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহর পরিক্রমা করে। তাঁরা সহকর্মী শিক্ষক কমল সিংহরায়ের পরিবারের ওপর ইসলামপুর থানার ওসি দয়াল মুখাজীর অমানুষিক অত্যাচার ও তাণ্ডবের প্রতিবাদ ও দয়াল মুখাজীর শাস্তির দাবী করেন।

## পুত্রবধূর হাতে শাশুড়ীর মৃত্যু

ফরাক্কা ঃ গত ২১ নভেম্বর এই থানার নিশিন্দ্রা গ্রামের কার্তিক মণ্ডলের স্ত্রী নির্মলা মণ্ডল পুত্রবধূর হাতে প্রাণ হারান। খবর ঘটনার দিন সকালে নির্মলার সঙ্গে পুত্রবধূ ঊষার সাংসারিক ব্যাপারে ঝগড়া বাধে। সেইসময় রাগে ঊষা নির্মলার গলা টিপে ধরলে নির্মলা শ্বাসরুদ্ধ হয়ে মারা যান। ঊষার স্বামী বিজয় মণ্ডল থানায় অভিযোগ জানালে পুলিশ ঊষাকে গ্রেপ্তার করে।

## দাদা গলা টিপে ভাই[illegible] মারলো

রঘুনাথগঞ্জ ঃ গত ২৪ নভেম্বর দুপুরে এই থানার ভৈরবটোলা গ্রামের এক পুকুরে ছ' বছরের শিশু অমিকের মৃতদেহ ভাসতে দেখেন ঐ গ্রামের গোবর্দ্ধন দাস ও দশরথ দাস। পুলিশে খবর দিলে অনুসন্ধানে হত্যাকারী সন্দেহে অমিকের জেঠতুত দাদা মঙ্গলকে গ্রেপ্তার করে। খবর স্বপন দাসের [ শেষ পৃষ্ঠায়

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
[illegible]ন মশাই, স্পষ্ট কথা বাক্য পারম্পার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার॥
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১০

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

**জঙ্গিপুর সংবাদ**

১৫ই অগ্রহায়ণ বুধবার, ১৪০০ সাল

## ॥ 'সজাগ না হলে………' ॥

আলোচ্য নিবন্ধের শিরোনামটি আমাদের পত্রিকার ১৭ই নভেম্বর সংখ্যায় প্রকাশিত বিশেষ প্রতিবেদকের প্রতিবেদনের অংশ বিশেষ। বক্তব্য ছিল সীমান্তে চোরাচালানের বিষয়।

এই দুর্ভাগা দেশে একটি মাত্র ক্ষেত্রে সজাগ থাকার লক্ষণ স্পষ্ট। অন্যান্য সর্ববিষয়েই আমরা নিদ্রামগ্ন, যেন কালঘুমে আচ্ছন্ন। সে নিদ্রাভঙ্গের কোনই লক্ষণ দেখা যাইতেছে না। পরে সে বিষয়ে আলোচনা করা যাইবে।

প্রকাশিত প্রতিবেদনে দেখা যাইতেছে যে, সীমান্ত দিয়া চোরাকারবার এই মহকুমার সামসেরগঞ্জ, সুতি, রঘুনাথগঞ্জ, সাগরদীঘি ও ফরাক্কা থানায় চলিয়াছে অব্যাহতগতিতে। চাল, ডাল, চিনি, গরু প্রভৃতি প্রচুর পরিমাণে বাংলাদেশে পাচার করা হইতেছে। পুলিশের পক্ষ হইতে বমাল পাচারকারীদের কোর্টে চালান দেওয়া হইলেও তাহারা শাস্তি পায় না। ইহার কারণ হিসাবে পুলিশের মত এই যে, সীমান্তের পাঁচ কিমি এলাকা সীমান্ত রক্ষী বাহিনীর নিয়ন্ত্রণাধীন থাকায় বি এর এফ-এর সাহায্য-সহযোগিতা ছাড়া পাচারকারীদের কোর্টে ~~চালান দেওয়া~~ হইলেও তাহারা শাস্তি পায় না। ইহার কারণ হিসাবে পুলিশের মত এই যে, সীমান্তের পাঁচ কিমি এলাকা সীমান্ত রক্ষী বাহিনীর নিয়ন্ত্রণাধীন থাকায় বি এস এফ-এর সাহায্য-সহযোগিতা ছাড়া পাচারকারীদের দোষী প্রমাণ করা যায় না। সীমান্তের বিশেষ বিশেষ এলাকার কিছু মানুষ ব্যবসায়ী-লাইসেন্সধারী হওয়ায় বাহির হইতে বিভিন্ন মালপত্র ক্রয় করিতে পারে। ইহার পর তাহারা সীমান্ত এলাকার গুদাম হইতে রক্ষিত মালপত্র ইচ্ছামত ও সুযোগমত বাংলাদেশে প্রেরণ করিয়া থাকে। বি এস এফ কিংবা কাষ্টমস্-ই তাহা আটক করিতে পারেন। সীমান্তে চোরাচালান বন্ধের জন্য জেলা ম্যাজিষ্ট্রেট পর্যায়ে আলোচনা মধ্যে মধ্যে হইলেও তাহাতে পুলিশ তরফের কোন প্রতিনিধিত্ব থাকে না বলিয়া খবরে প্রকাশ। সুতরাং আলোচনায় সামগ্রিক সুবিধা-অসুবিধা বিশ্লেষণের সুযোগ থাকে না।

সম্প্রতি পুলিশ প্রশাসনের পক্ষ হইতে বেশ কিছু বাংলাদেশী ও কিছু এ দেশীয় গরুর দালালকে আটক করিয়া তাহাদের নিকট হইতে রঘুনাথগঞ্জ থানাধীন খেজুরতলা ঘাটের শ্লিপ পাওয়া যায়। ইহারা এই ঘাট দিয়া গরু পাচার করিয়া থাকে বলিয়া স্বীকার করে। হাট হইতে যে গরু ক্রয় করা হয়, তাহার রসিদ সীমান্তের বি এস এফ নিয়ন্ত্রণাধীন এলাকার মানুষের নামে লেখা হয়। ফলতঃ পুলিশের পক্ষে এক্তিয়ারহীন এলাকায় গিয়া পাচারকারীদের ধরা সম্ভব হয় না। ধরিলেও তাহা ধোপে টিকে না; বেকসুর খালাস হয়।

শুধু এই মহকুমা বা জেলা নয়, সারা রাজ্যে সীমান্ত এলাকায় এই সুবিপুল কর্মযজ্ঞ চলিতেছে। সাধারণ মানুষদের একটা অংশ সুযোগ গ্রহণ করিতেছে।

প্রতিবেদনে প্রকাশিত পুলিশ প্রশাসনের অভিমত হইতে জানা যায় যে, বি এস এফ তথা কিছু কিছু রাজনীতির মানুষ সচেতন হইয়া কাজে নামিলে বা তৎপর হইলে, কিছুটা কাজ হয়। এই রঘুনাথগঞ্জ শহরের গাড়ীঘাট দিয়া প্রায় প্রতিদিন বিশাল সংখ্যক গরু লইয়া যাওয়া হয়। তাহার পর সীমান্ত পার হইয়া হতভাগ্য জীবগুলির কী গতি হয়, তাহা সহজেই অনুমেয়।

সীমান্ত দিয়া শুধু কি চাল, ডাল ইত্যাদি চলিয়া যায়? মানুষের যাতায়াত কি হয় না? বিশেষ জঙ্গি প্রশিক্ষণের জন্য কি লোক যায় না? মারাত্মক অস্ত্রশস্ত্র বিস্ফোরকাদি লইয়া ভারতের নানা জায়গায় স্বদেশী ও ভিনদেশী জঙ্গি ছড়াইয়া পড়িতেছে না এবং অঘটন ঘটিতেছে না? পশ্চিমবঙ্গে ভারতের উত্তর-পূর্বাঞ্চলে, পাঞ্জাবে, কাশ্মীরে সর্বত্র ভিনদেশী মানুষে ছয়লাপ হইতেছে। নির্বাচনের জন্য সাধারণ বিদেশী দিব্য এদেশী সাজিয়া সহায়তা প্রদান করিতেছে। ভোট পাইবার তাগিদে আমাদের চোখ নাকি খুলিতেছে না। কিন্তু জাগিয়া ঘুমাইলে সত্যই একদিন চিরনিদ্রা আসিবে। জঙ্গিরা আমাদিগকে কতভাবে নাজেহাল করিতেছে। আমরা মনে করি, উহা কিছু নয়।

## পুলিশী নির্যাতন ও নিষ্ক্রিয়তা

—আবদুর রাকিব

ছেলেবেলায় সমাজ-বন্ধুদের তালিকায় চাষী, তাঁতী, জেলে, কামার, কুমোর, মেথর ইত্যাদির সঙ্গে পুলিশেরও নাম পেয়েছি। তখন থেকে জেনে আসছি, পুলিশও আমাদের বন্ধু, আপনজন। অন্যায় জুলুম ও অত্যাচারের শিকার হলে, প্রতিকার ও প্রতিরোধ কামনায় প্রথমেই আমরা পুলিশের কথা ভাবি।

লণ্ডনের পুলিশের কথা শুনেছি, যে-কোন সময় যেন মাটি ফুঁড়ে উঠে আসেন বিপন্নকে সাহায্য করতে। ধরা যাক, এটা গল্প। কিন্তু কর্তব্যবোধ কখনও অল্প হয় না। আর তা থাকতেই হয়। এই অর্থে, পুলিশ আমাদের অতন্দ্র প্রহরী। কিন্তু আজকাল পুলিশ সম্বন্ধে সাধারণ মানুষের যে অভিজ্ঞতা, তা শুধু তিক্ত নয়, নিরুত্তপ্ত। অনীহা আর হতাশা মানুষের সচেতনতা থেকে পুলিশকে সরিয়ে দিয়েছে। বিশ্বাসহীনতা জন্ম দিয়েছে ঘৃণার। আমরা—ধরে নিয়েছি নয়, বিশ্বাস করেছি যে, থানা-পুলিশ করে কিছু হবে না। প্রতিকার পাওয়া যাবে না। প্রতিকার পেতে হলে খুঁটির জোর চাই। সমাজের মধ্যে যারা বট-পাকুড়, পুলিশ কেবল তাদেরই সমীহ করে, সাধারণ সীম-পুঁইদের দু'পায়ে দলে যায়।

পুলিশ কখন সক্রিয় হবেন আর হবেন না, কর্তব্যবোধ তা ঠিক করে না। ঠিক করে তার অবস্থানগত তাগিদ বা প্রেরণা। কমল সিংহ রায় যদি সিংহ হতেন, দয়াল মুখার্জী তার কেশাগ্র স্পর্শ করতেন না। তেমনি রাধুবাবুর দোকানের বদলে দুষ্কৃতীরা যদি সিঁদ কাটত কোন থানা-বাবুর বাসা বাড়ীতে, তাহলে থানাশুদ্ধ সবাই দারুণ সক্রিয় হয়ে রঘুনাথগঞ্জকে কাঁপিয়ে দিতেন। অর্থাৎ বট-পাকুড়ের প্রয়োজনে বা আপন স্বার্থে তাঁরা কালাপাহাড় হন। নারী, শিশু, বৃদ্ধ, নিরীহ, নির্দোষ—কাউকে রেহাই দেন না। আবার তেমন প্রয়োজন বা স্বার্থ না থাকলে কপট নিদ্রায় আচ্ছন্ন থাকেন। (৩য় পৃষ্ঠায়)

## পুলিশী নির্যাতন ও নিষ্ক্রিয়তা

( ২য় পৃষ্ঠার পর )

কয়েকজন দুষ্কৃতি সন্তোষপুরের আজফারকে ( টুটুল ) অতর্কিত হানায় মারাত্মকভাবে জখম করে। দুর্বৃত্তদের নাম-ধাম সহ থানায় যথারীতি ডায়ারী করলেও, ঘটনার ষোল দিন পরেও পুলিশের টিকি দেখা যায়নি। পরে কি হয়েছে, জানি না। ছেলেটি প্রথমে জঙ্গিপুর পরে বহরমপুর হাসপাতালে পক্ষকাল চিকিৎসাধীন থেকে প্রাণ নিয়ে বাড়ি ফিরেছে। আর ৩৬ ইঞ্চি ছাতি ফুলিয়ে ঘুরে বেড়াচ্ছে দুর্বৃত্তরা। আজফারের বিধবা জননী যদি কেউকেটা হতেন, পুলিশের কালো গাড়ীর আরোহী হয়ে দুষ্কৃতীরা থানার আটক ঘরে ঢুকত।

অবস্থাটা স্বাস্থ্যকর নয়। এতে পুলিশ, জনগণ ও গণতন্ত্র কারোর মর্যাদা বাড়ে না। মূল্যবোধ নষ্ট হয়। বিশ্বাস ভেঙে যায়। প্রত্যাশার মৃত্যু ঘটে। সব কটি রাজনৈতিক দল যদি বিলুপ্ত বিশ্বাসের প্রতিস্থাপনে অগ্রণী হন, তাহলে তা হবে দেশসেবার চূড়ান্ত। আমি এখনও আন্তরিকভাবে বিশ্বাস করি, পুলিশ আমাদের বন্ধু, আপনজন। আমি দেখেছি সাগরদীঘি থানার সেকেণ্ড অফিসার রবীন্দ্রনাথ চক্রবর্তী মশায়কে যিনি গত মাধ্যমিক পরীক্ষায় লজিকের মাত্র একখানি প্রশ্নপত্র নিজেই পেঁছে দিয়েছিলেন বোখারা পরীক্ষা কেন্দ্রে ( ২২-৩-৯৩ তারিখে ), অন্য কারো হাত দিয়ে নয়। এবং আমি এও বিশ্বাস করি, এমন অনেক দায়িত্ব-সচেতন রবীন্দ্রনাথ চক্রবর্তী আছেন, যারা আমাদের প্রত্যাশা ফিরিয়ে দিতে পারেন। এখন প্রয়োজন অনুকূল বাতাবরণ, দূষণমুক্ত পরিমণ্ডল।

### জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জ হাইস্কুলের খেলার মাঠ সংলগ্ন উত্তর-পশ্চিম কোণে চল্লিশ শতক বা অধিক জায়গা প্রয়োজনে প্লট হিসাবে বিক্রী করা হবে। যোগাযোগের ঠিকানা—

**ধীরেন্দ্রনাথ দাস**, চা কুঠী, রঘুনাথগঞ্জ বাজারপাড়া

**আনন্দ হালদার**, ফিল্ড কলোনী (মাঠপাড়া)

রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## NOTIFICATION

1. Subscribers of Berhampore Telecom. District & interested persons are invited to attend the "Open House Session" which was scheduled to be held on 11-11-93 will be conducted on 03-12-93 from 13.30 hrs. to 15.30 hrs. at "BIMAL CULTURAL HALL", Kada, Berhampore (W. B.) to offer their valuable suggestions regarding improvement of Telecommunication services under jurisdiction of Berhampore Telcom District.

**P. K. Sikder**
Telcom. District Engineer,
Berhampore Telecom. District,
Berhampore (W. B.)

## শ্যামাপূজা উপলক্ষে অনুষ্ঠান

মির্জাপুর ঃ সম্প্রতি শ্রীশ্রীশ্যামাপূজা উপলক্ষে ৩২ দলের পাওয়ার ফুটবল প্রতিযোগিতা হয় নবভারত স্পোর্টিং ক্লাবের মাঠে। দলগতভাবে চাম্পিয়ান হয় নবভারত ক্লাবের সন্দীপ মাঝি এণ্ড পার্টি। প্রাথমিক স্কুল স্তরে বসে আঁকো প্রতিযোগিতায় অখিলচন্দ্র প্রাঃ স্কুলের ছাত্র সাধন প্রামাণিক প্রথম হয়। শিশু স্বাস্থ্য প্রতিযোগিতায় 'ক' বিভাগে ১ম হয় অরিন্দম গাম্ভীরা ও 'খ' বিভাগে ১ম হয় দীপানিতা দাস।

## চালককে আহত করে প্রাইভেট কার ছিনতাই

রঘুনাথগঞ্জ ঃ সম্প্রতি এই থানার অজগরপাড়া ব্রীজের কাছে ডারু বি জি—২৩৭১ নম্বরের একটি প্রাইভেট কার ছিনতাই হয়। দুর্বৃত্তরা ড্রাইভার অলক ঘোষকে গুরুতর আহত করে কারটি নিয়ে উধাও হয়ে যায়। জানা যায় বহরমপুর থেকে চাকদার চারজন যাত্রীকে ভাড়া নিয়ে ফরাক্কা এসে ফেরার পথে ঐ ঘটনা ঘটে। গাড়িটির এখনও কোন হদিশ মেলেনি। পুলিশ ঐ ঘটনায় জড়িত থাকার সন্দেহে জোড়পুকুরিয়া গ্রামের নেশ মহম্মদকে গ্রেপ্তার করে।

## ফুটবল প্রতিযোগিতা

মির্জাপুর ঃ নেহরু যুব কেন্দ্র ( ভারত সরকার ) ও নবভারত স্পোর্টিং ক্লাবের পরিচালনায় জেলা জোনাল ফুটবল প্রতি-যোগিতায় দলগতভাবে ১ম হয় ফরাক্কা ব্লক। অংশগ্রহণ করেন রঘুনাথগঞ্জ ১নং. সুতি ১নং, ফরাক্কা ও লালগোলা ব্লক।

## আপনি কি জানেন ?

১। ভিডিও ক্যাসেটের প্রকাশ্য প্রদর্শনীর জন্য ওয়েস্ট বেঙ্গল সিনেমাস ( প্রকাশ্য প্রদর্শন নিয়ন্ত্রণ ) রুলস-এর বিধান অনুযায়ী যথাযোগ্য কর্তৃপক্ষের থেকে লাইসেন্স নেওয়া আবশ্যক। ২। ভিডিও ক্যাসেটের প্রকাশ্য প্রদর্শনীর জন্য সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশনের থেকে প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণ আবশ্যক। এমনকি ভিডিও ফিল্মটি সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশনের থেকে প্রয়োজনীয় ছাড়পত্র-প্রাপ্ত সেলুলয়েডে ধরা চলচ্চিত্রের প্রতিরূপ। হুবহু নকল হলেও সেক্ষেত্রে একটি নতুন আবেদনপত্র জমা করে উক্ত বোর্ড থেকে দ্বিতীয়বার ছাড়পত্র গ্রহণ করতে হবে। ৩। কপিরাইট আইন, ১৯৫৭-এর বিধান অনুযায়ী যেসব ভিডিও-ফিল্মের ক্ষেত্রে আইনতঃ স্বত্ব গ্রহণ করা হয়নি সেগুলির প্রকাশ্য প্রদর্শন সম্ভব নয়। এ প্রসঙ্গে বলা প্রয়োজন যে বাজারে যেসব ভিডিও ক্যাসেট পাওয়া যাচ্ছে সেগুলির সেলুলয়েডে গৃহীত মূল চলচ্চিত্রের মালিকগণ অধিকাংশক্ষেত্রে শুধুমাত্র বাড়িতে বসে দেখার জন্য ভিডিও ক্যাসেট করার স্বত্ব বিক্রি করেছেন। যেসব ভিডিও ক্যাসেটের প্রকাশ্য প্রদর্শনীর জন্য আইনতঃ স্বত্ব গ্রহণ করা হয়নি সেগুলির প্রকাশ্য প্রদর্শন আইনত দণ্ডনীয়। ৪। তথাকথিত ভিডিও পার্লার হলগুলি কর্তৃক প্রতি সপ্তাহে প্রদেয় করের হার দেওয়া হল ঃ—

(ক) কলকাতা ও হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকা —১২০০ টাকা প্রতি সপ্তাহে। (খ) পৌরসভা প্রজ্ঞাপিত এলাকা—৯০০ টাকা প্রতি সপ্তাহ। (গ) অন্যান্য এলাকা— ৬০০ টাকা প্রতি সপ্তাহে। উক্ত বিধানগুলি লঙ্ঘিত হওয়ার কোনো ঘটনা আপনার গোচরে এলে স্থানীয় থানায় অনুগ্রহ করে জানান।

—পশ্চিমবঙ্গ সরকার

## প্রশাসন বা পুলিশের মানবিকতা

( ১ম পৃষ্ঠার পর )

মোজাম্মেল হককে থানায় ধরে এনে থার্ড ডিগ্রি প্রয়োগ করা হয়। ফলে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন ও রোগভোগের পর মারা যান। মোজাম্মেল প্রশাসনের কাছে বহু আবেদন নিবেদন করেও বিচার পাননি। প্রশাসন সেদিনও মানবতার দাবীকে নস্যাৎ করেছিলেন। তবে আজ মানবতার কথা উঠছে কেন? এটা কি শুধু পুলিশ নন গেজেটেড এ্যাসোসিয়েশনের একজন কেউকেটাকে প্রশাসন সমীহ করছেন তাই? যাই হোক শেষ পর্যন্ত জনমতের ও শাসক পার্টির চাপে নাকি দয়াল বাবুর উপর শাস্তির ব্যবস্থা নিতে চলেছেন প্রশাসন। সূত্রে প্রকাশ দয়াল মুখার্জীকে ওসির পদ থেকে অপসারণ করা হয়েছে এবং তাঁর আচরণের তদন্ত হচ্ছে। তদন্তে দোষী প্রমাণিত হলে তাঁকে উপযুক্ত শাস্তিও দেওয়া হবে বলে এস পি অনিল কুমার জানিয়েছেন বলে খবর। আরও জানা যায় দয়াল বাবুর ছেলে মোটেই নিখোঁজ হন নি, তিনি নাকি তাঁর বাবার অজান্তে মামার বাড়ী চলে যান।

## ইসলামিক প্রতিযোগিতা

রঘুনাথগঞ্জ ঃ গত ২১ নভেম্বর স্থানীয় বালিঘাটা জনকল্যাণ সমিতির পরিচালনায় একটি ইসলামিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কার দেওয়া হয়। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন মীর বজলে কাদের ও প্রধান অতিথি ছিলেন মৌলভী আর আজিজ ও হাফেজ সাব্বির আহমেদ।


ভর্তির বিজ্ঞপ্তি

M. S. D. College of Alternative Medicine

Raghunathganj

I. C. A. M. (Calcutta) অনুমোদিত এবং
Registered by Govt. of West Bengal (W.H.O.)

নিম্নলিখিত কোর্সের জন্য ভর্তি চলিতেছে ঃ
R. M. P., D. M. L. T. এবং HOME NURSING

ভর্তির জন্য যোগ্যতা ঃ
R. M. P. & D. M. L. T.—মাধ্যমিক/হায়ার সেকেন্ডারী
HOME NURSING—ক্লাস এইট (VIII) পাশ
( কেবলমাত্র মহিলাদের জন্য )

অভিজ্ঞতার ভিত্তিতে রেজিষ্ট্রেশন দেওয়া হয়।

● যোগাযোগের স্থান ●

মেডিকেয়ার হোমিও ক্লিনিক

দরবেশপাড়া ( মসজিদের সামনে )
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

সময় ঃ বেলা ১০-৩০ হতে বিকাল ৪টা ( মঙ্গলবার বন্ধ )


## এ্যামব্যাসাডারে ছিনতাই

ধুলিয়ান ঃ গত ২৭ নভেম্বর রাত ১০-৩০ মিঃ নাগাদ তিন-সুকিয়া মেলের কয়েকজন যাত্রী ফরাক্কা ষ্টেশনে নেমে একটি এ্যামব্যাসাডার ভাড়া করে ধুলিয়ানের দিকে যাচ্ছিলেম পথে একটি শক্তিমান লরী ঘোলাকান্দীর মোড়ে এ্যামব্যাসাডারের ঘাড়ে এসে পড়ে। ট্যাক্সিটি কোনরকমে পালটি খাওয়া থেকে বেঁচে পথের ধারে নেমে যায়। সেই সময় গাড়ী থেকে কয়েকজন দুর্বৃত্ত নেমে যাত্রীদের উপর চড়াও হলে ভয়ে যাত্রীরা ছুটে আলিনগরে পুলিশ পেট্রোলকে খবর দেয়। পুলিশ আসার আগেই দুর্বৃত্তরা যাত্রীদের গরম জামা কাপড় ও অন্যান্য দ্রব্য ( আনুমানিক মূল্য ১২ হাজার টাকা ) নিয়ে পালিয়ে যায়। ফাঁকা লরীটিকে ঘোলা-কান্দীর রাস্তার ধার থেকে উদ্ধার করা হয়। এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

## সিনেমা হলে জ্বলন্ত বোমা উদ্ধার

রঘুনাথগঞ্জ ঃ গত ১৯ নভেম্বর স্থানীয় ছায়াবাণী সিনেমা হলে শেষ শো শুরু হওয়ার কিছুক্ষণ পর সীটের নীচ থেকে একটি জ্বলন্ত বোমা দর্শকরা আবিষ্কার করেন। বোমা দেখে আতংকে হলের মধ্যে হৈ চৈ শুরু হয়ে যায়। পুলিশ এসে জ্বলন্ত বোমাটি উদ্ধার করে। সিনেমা হলের মধ্যে সীটের নীচে বোমা বেঁধে রাখায় দর্শকদের মনে ভীতির সঞ্চার হয়। এই পরিস্থিতিতে সেদিন শো বন্ধ হয়ে যায়। বোমা উদ্ধারে কিছুক্ষণ বিলম্ব ঘটলে হলের ভিতর বিষ্ফোরণে অনেকে হতাহত হতেন।

## দাদা গলা টিপে ভাইকে মারলো

( ১ম পৃষ্ঠার পর )

ছ'বছরে শিশুপুত্র অমিক স্বপনের জেঠতুত দাদা মহাদেবের ছেলে পনের বছরের মঙ্গলের সঙ্গে বাঁশ পাতা পাড়তে যায়। সেখানে অমিক মঙ্গলকে গাল দিলে সে রেগে অমিকের গলা টিপে ধরলে সে মারা যায়। মঙ্গলের জবানবন্দীতে জানা যায় সে মৃত আমককে নিকটবর্তী পুকুরে ফেলে বাড়ী ফিরে আসে।


বাঁঘড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ॥ গনকর

ফোন নং ঃ গনকর ২২৯



সমস্ত রকম সিল্ক শাড়ী— কোরিয়াল, জামদানি জোড়, পাঞ্জাবির কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ির নির্ভর-যোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।